


শুমারিকর্মী (তালিকাকারী/ গণনাকারী ও সুপারভাইজার) নির্বাচন বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর তালিকা প্রনয়নে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র বানারীপাড়া উপজেলায় বসবাসকারী বেকার নারী/পুরুষ এবং ছাত্র/ছাত্রীদের নিকট স্বহস্তে পূরণকৃত নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	প্রাপ্য ভাতাদি(টাকা)	প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	প্রকল্পের ডিপিপি অনুযায়ী সম্মান ভাতা প্রাপ্য হবেন	১) ন্যূনতম স্নাতক পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং স্মার্ট ফোন চালনায়ে দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীন-সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) ০১/০২/২০২০ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৭) উপর্যুক্ত শর্তাবলী পূরণসাপেক্ষে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।
০২)	তালিকাকারী/গণনাকারী	ঐ	১) ন্যূনতম এইচএসসি পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং স্মার্ট ফোন চালনায়ে দক্ষ থাকতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীন-সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) ০১/০২/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে। ৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৭) উপর্যুক্ত শর্তাবলী পূরণসাপেক্ষে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলীঃ

- নির্ধারিত আবেদন ফরম উপজেলা পরিসংখ্যান অফিস, বানারীপাড়া এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে থেকে সংগ্রহ করা যাবে এবং উক্ত অফিসের ওয়েব সাইট(bbs.banaripara.barisal.gov.bd) এবং banaripara.barisal.gov.bd থেকেও ডাউনলোড করা যাবে।
- তালিকা প্রণয়ন/লিস্টিং অপারেশনে (ফেব্রুয়ারি/২০২০) কার্যক্রমের সময় মোট ১০(দশ) দিন। প্রতি তালিকাকারী/ গণনাকারী উক্ত ১০(দশ) দিনে কম বেশি ৪০০(চারশত) খানার তালিকা করবেন।
- তালিকা প্রণয়ন/লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহার পূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায়ে দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
- কেবল মাত্র বেকার যুবক/যুবতীরা শুমারিকর্মী হিসেবে আবেদন করতে পারবেন। চাকুরির কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নাই।
- প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্যক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।
- লিস্টিং অপারেশন/শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।
- নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- তালিকা প্রণয়ন/লিস্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে তারা মূল শুমারিতে ও যথাক্রমে তালিকাকারী/গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- সকলপদের দরখাস্তের খামের উপর ডান পার্শ্ব পদের নাম, ইউনিয়ন এবং মৌজার নাম উল্লেখপূর্বক আগামী ২৫/০১/২০২০খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান অফিসের নির্দিষ্ট বাক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।
- ২৫/০১/২০২০খ্রিঃ তারিখের মধ্যে যথানিয়মে আবেদনপত্র দাখিলকারীগণের বাছাই পরীক্ষা নিম্নোক্ত তারিখে সকাল ৯:০০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বানারীপাড়া বরিশাল-এ অনুষ্ঠিত হবে।
- বাছাই পরিষ্কার তারিখঃ বানারীপাড়া পৌরসভা, বানারীপাড়া সদর ইউনিয়ন, বাইশারী ইউনিয়ন, চাখার ইউনিয়ন ও সলিয়াবাকপুর ইউনিয়ন - ৩০/০১/২০২০খ্রিঃ এবং বিশারকান্দি ইউনিয়ন, উদয়কাঠী ইউনিয়ন, ইলুহার ইউনিয়ন ও সৈয়দকাঠী ইউনিয়ন ৩১/০১/২০২০ খ্রিঃ তারিখ।
- শুধুমাত্র তালিকা প্রণয়ন/লিস্টিং অপারেশনের জন্য প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়াও উপজেলা পরিসংখ্যান অফিসের ওয়েবসাইটেও প্রকাশ করা হবে।
- নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে অগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিক বাতিল হয়ে যাবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(শেখ আব্দুল্লাহ সাদীদ)
উপজেলা নির্বাহী অফিসার